

## প্রেস রিলিজ

### জাতীয় বিশ্ববিদ্যালয়ের নতুন ওয়েবসাইট উদ্বোধন

শতভাগ তথ্য-প্রযুক্তি নির্ভর ও সম্পূর্ণ সেশনজট মুক্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটটি [www.nu.ac.bd](http://www.nu.ac.bd) হালনাগদ করা হয়েছে। সমন্বিত বৈশিষ্ট্য বহুল নতুন ফিচারের মাধ্যমে সাজানো হয়েছে এর কন্টেন্ট। তৈরি করা হয়েছে নতুন করে কিছু ম্যানু, সাব ম্যানু বাটন। এর মাধ্যমে শেয়ার করার উদ্যোগ নেয়া হয়েছে সাম্প্রতিক সময়ে ঘটে যাওয়া বিভিন্ন ইভেন্টের ভিডিও ডকুমেন্টারি, ইমেজ ও প্রকাশনাসমূহের। সহজ করা হয়েছে শিক্ষার্থীদের সেবা প্রদানের বিভিন্ন কার্যক্রম। নিরুৎসাহিত করা হয়েছে যে কোনো কাজে সরাসরি গাজীপুর ক্যাম্পাসে আসা। উদ্দেশ্য, দ্রুততম সময়ে সঠিক তথ্য এর ব্যবহারকারীর নিকট পৌঁছে দেয়া।

নুতন আদলে করা এই ওয়েবসাইটটির শুভ উদ্বোধন ঘোষণা করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ। এসময় তিনি বলেন, “সময়ের সাথে তাল মেলাতে যা করণীয় তাই করছে জাতীয় বিশ্ববিদ্যালয়। মহাকাশে বঙ্গবন্ধু-১ স্যাটেলাইট প্রেরণকারী গর্বিত জাতি আমরা। ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে সদা সচেষ্ট। এই ওয়েবসাইট-এর মাধ্যমে আজ জাতীয় বিশ্ববিদ্যালয়ের লক্ষ লক্ষ শিক্ষার্থী, অভিভাবক ও শুভানুধ্যায়ীদের জন্য যোগাযোগের নবদ্বার উন্মোচিত হলো।” তিনি এর সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন দ্রুততম সময়ের মধ্যে এ কাজটি সম্পন্ন করায় তাঁকে বিশেষভাবে অভিনন্দিত করেন।

উদ্বোধনকালে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. মোঃ মশিউর রহমান, ডিনবন্দ, আইসিটি পরিচালক, শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ।

